



Bengali/বাংলা

কানেকশন্স (Connexions) কি?

কানেকশন্স হল 13 থেকে 19 বছর বয়সের অল্পবয়স্ক ব্যক্তিদের জন্য একটি সরকারী অনুদানপ্রাপ্ত পরিষেবা, যা তাদের তথ্য, পরামর্শ, নির্দেশ ও ব্যবহারিক সহায়তা প্রদান করে, যাতে তারা চাকরি পেতে পারে, সঠিক প্রশিক্ষণ পেতে পারে অথবা পূর্ণ-সময়ের শিক্ষার কোর্সে ভর্তি হতে পারে। প্রশিক্ষিত ব্যক্তিগত পরামর্শদাতারা (পার্সোনাল অ্যাডভাইজর) এই পরিষেবা প্রদান করেন, যারা কানেকশন্স কর্তৃক নিযুক্ত হন।

ব্যক্তিগত পরামর্শদাতারা স্কুল ও কলেজে, কানেকশন্স কেন্দ্রগুলিতে, যুবা ও কমিউনিটি সেন্টারগুলিতে এবং অন্য অনেক সংস্থার সাথে কাজ করেন। তারা কর্মজীবন, চাকরি, শিক্ষামূলক কোর্স, স্বৈচ্ছাসেবী হিসাবে কাজ করা ও প্রশিক্ষণের সুযোগের সম্বন্ধে তথ্য দিতে পারেন। তারা অল্পবয়স্ক ব্যক্তিদের এই তথ্য বুঝতে, কোন সুযোগগুলি তাদের পক্ষে শ্রেষ্ঠ সেই বিষয়ে সিদ্ধান্ত নিতে এবং তাদের ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে সাহায্য ও সমর্থন প্রদান করেন। অল্পবয়স্ক ব্যক্তির যদি আবাসন, অর্থ, স্বাস্থ্য ও তাদের অধিকারগুলির সম্বন্ধে উদ্দিগ্ন থাকেন তাহলেও তারা সাহায্য করতে পারেন এবং তাদের প্রয়োজন হলে অল্পবয়স্ক ব্যক্তিদের জন্য আরো বিশেষজ্ঞ সহায়তার বন্দোবস্ত করতে পারেন।

মানুষের প্রেক্ষাপট, জাতি, লিঙ্গ, ধর্ম, সক্ষমতা বা অক্ষমতা, যৌন প্রবণতা বা বয়স নির্বিশেষে কানেকশন্স সমস্ত মানুষের সাথে সমান আচরণ করে। ব্যক্তিগত পরামর্শদাতার সাথে সাক্ষাতকারের জন্য কানেকশন্স একজন দোভাষীর ব্যবস্থা করতে পারে এবং প্রয়োজন হলে লিখিত তথ্যমূলক প্রচারপত্রগুলিকে অনুবাদ করানোর বন্দোবস্ত করতে পারে।

কিভাবে আমাদের সাথে যোগাযোগ করা যায়

আরো তথ্যের জন্য www.connexions-cd.org.uk এ ক্লিক করুন।

একজন ব্যক্তিগত পরামর্শদাতার সাথে অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য এবং একজন দোভাষীর বন্দোবস্ত করার জন্য 0800 9755111 নম্বরে ফ্রিফোন করুন।

আপনার নিকটস্থ কানেকশন্স কেন্দ্রে চলে আসুন - খোলা থাকার সময় যাচাই করার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন।

What is Connexions?

Connexions is a government-funded service for all young people aged 13 to 19, giving them information, advice, guidance and practical help so that they can get a job, get the right training or go into a full-time education course. This service is given by trained Personal Advisers, who are employed by Connexions.

Personal Advisers work in schools and colleges, in Connexions centres, in youth and community centres and with many other agencies. They can give information about careers, jobs, education courses, working as a volunteer, and training opportunities. They help and support young people to understand the information, to decide what opportunities are best for them, and to plan for their future. They can also help young people if they are worried about housing, money, health and their rights and can arrange for young people to have more specialist help when needed.

Connexions treats people equally, irrespective of background, race, gender, religion, ability or disability, sexual orientation or age. Connexions can arrange for an interpreter for any interviews with a Personal Adviser, and can arrange for written information leaflets to be translated if this is required.

How to contact us

Click on www.connexions-cd.org.uk for more information.

Freephone 0800 9755111 to book an appointment with a Personal Adviser and to arrange for an interpreter.

Drop into your nearest Connexions centre – check out our website for opening times.